

# শাহ্ মহম্মদ সগীর

- মহম্মদ সগীর ষোড়শ শতাব্দীর কবি।
- কবি ১৬০০ খ্রিস্টাব্দের কাছাকাছি সময়ে ইউসুফ জোলেখা কাব্য রচনা শুরু করেন।
- এই কাব্যের প্রণয় আখ্যান অনেক প্রাচীন। বাইবেল ও কুরানে এই অতি প্রাচীন কাহিনি নৈতিক উপাখ্যান হিসেবে অতিসংক্ষেপে বর্ণিত হয়েছে।
- এই সংক্ষিপ্ত কাহিনিকে ইরানীয় কবি ফিরদৌসী এবং সুফি কবি জামী 'ইউসুফ জলিখা' এই নামে দুটি কাব্য রচনা করেন।
- মহম্মদ সগীর উক্ত দুই কাব্যের কাহিনির সঙ্গে মুসলমান সমাজে সুপ্রচলিত কিংবদন্তীকে আশ্রয় করে নিজ সৃজনশীল প্রতিভার সাহায্যে তাঁর কাব্য রচনা করেন।
- এই কাব্যে প্রাকৃত ভাষা ও মুসলমান সমাজে প্রচলিত লৌকিক ভাষার প্রভাব লক্ষ করা যায়।
- সুনীতিকুমারের মতে এই কাব্যের ভাষা শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ঈষৎ পরবর্তী কালের ভাষা।
- ইউসুফ জোলেখা কাব্যের চরিত্র – জোলেখা, আজিজ, ইউসুফ, মনিরু, ইয়াকুব, ইবনু।

# শাহ্ মহম্মদ সগীরের বিশেষত্ব

- কবির রচনা মহাকাব্যসুলভ হলেও , তাঁর রচনা মূলত গীতিপ্রবণ ।
- কবির রচনাকে গীতিকাব্য ও মহাকাব্যের যোগসূত্র বলে ধরা হয় ।
- তাঁর কাব্যের গীতিগুলিতে বঙ্গের পূর্ববর্তী ও পরবর্তী কবিদের প্রতিধ্বনি শুনতে পাওয়া যায় ।
- ইউসুফ জোলেখার আখ্যান চার হাজার বছর পূর্বের মিসরী-কেনানী সভ্যতা সংস্কৃতির তথা ভূমধ্যসাগরীয় সভ্যতা সংস্কৃতির ধারক ও বাহক রূপে কবির হাত ধরে পল্লবিত হয়েছে ।
- এই কাব্যের উপাখ্যানে নৈতিক, আধ্যাত্মিক, পারিবারিক, সাংস্কৃতিক ও রাষ্ট্রিক জীবনের ছবি চিত্রিত হয়েছে ।
- স্বামী-স্ত্রীর পারস্পরিক নিষ্ঠা এবং যৌন সততা ও নিষ্ঠা যে একান্ত প্রয়োজন, কবি সগীর তাঁর 'ইউসুফ জোলেখা' কাব্যে তা সুন্দরভাবে পরিস্ফুট করেছেন ।